

“আমরা বদলে দিবো
আমরা বদলে যাবো”



“আয়কর বকেয়া রাখবো না
বিড়ম্বনায় পরবো না”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-রাজশাহী
www.tax.rajshahi.gov.bd

আয়কর আইন’২০২৩ অনুযায়ী খেলাপী করদাতাদের নিকট হতে বকেয়া আয়কর আদায় সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

রাজশাহী কর অঞ্চলের অধিক্ষেত্রাধীন রাজশাহী সিটি করপোরেশন এবং ৫টি জেলা যথাক্রমে, রাজশাহী, পাবনা, নওগাঁ, নাটোর ও চাঁপাইনবাবগঞ্জ জেলার সকল সম্মানিত করদাতার অবগতির জন্য জানানো যাচ্ছে যে,

আয়কর আইন, ২০২৩ অনুযায়ী একজন খেলাপী করদাতার নিকট হতে অবিতর্কিত বকেয়া কর আদায়ের নিমিত্তে আর্থিক জরিমানার পাশাপাশি নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করা যেতে পারেঃ

- ❖ খেলাপী করদাতার গ্যাস, বিদ্যুৎ, পানি বা অন্যান্য সেবার সংযোগ বিচ্ছিন্ন করণ;
- ❖ করদাতার ব্যাংক হিসাব হতে সরাসরি সরকারের ব্যাংক হিসাবে বকেয়া করের সমপরিমাণ অর্থ ট্রান্সফার;
- ❖ খেলাপী করদাতার সকল প্রকার আয় বা প্রাপ্তির উৎস হতে বকেয়া করের সমপরিমাণ অর্থ সরাসরি সরকারি কোষাগারে জমাকরণ;
- ❖ ট্যাক্স রিকোভারী অফিসারের মাধ্যমে করদাতার স্থাবর/অস্থাবর সম্পত্তি বাজেয়াপ্ত, ক্রোক করতঃ বিক্রয়;
- ❖ করদাতার ব্যবসার স্থান হতে যে কোন প্রকার পণ্য বা সেবা স্থানান্তর (অর্থাৎ বিক্রয়) নিষিদ্ধ এবং ব্যবসার স্থান বন্ধ করে দেয়া;
- ❖ সার্টিফিকেট মামলা দায়ের করতঃ আদালত বা জেলা কালেক্টরের মাধ্যমে পদক্ষেপ গ্রহণ ইত্যাদি

এমতাবস্থায়, কর অঞ্চল-রাজশাহীর অধিক্ষেত্রাধীন সম্মানিত করদাতাদের তাদের নিজ নিজ আয়কর নথিতে কোনরূপ অবিতর্কিত বকেয়া আয়কর যদি থাকে, তাহলে যথাসম্ভব পরিশোধ করতঃ আপনার সংশ্লিষ্ট উপকর কমিশনারের কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

অতিরিক্ত যে কোন তথ্য বা
প্রয়োজনে সংশ্লিষ্ট সার্কেল অফিসে
যোগাযোগ করা যেতে পারে।

কর কমিশনার
কর অঞ্চল-রাজশাহী